

শ্রীশ্রীহরি সঙ্গীত

১০২ নং তাল-চুংরী

হরি তোমারই তুলনা তুমি।

কোন গুণে কার সনে, হরি তুলনা করিব আমি।।

- ১। সোনা, চুনী, মণি, পরশ পাথর জানি,
তব রূপ সনে কিসে বল গণি।
তুমি গুণময়, অস্ত কেবা পায়, 'অনন্তময় অন্তর্যামী'।।
- ২। ইন্দ্র, চন্দ্র, সূর্য, তুমি সবার পূজ্য,
তোমার লাগিয়া সব করি ত্যজ্য।
দেব মৃত্যুঞ্জয়, হয়ে নিরাশ্রয়, তোমারই আশায় বেড়ায় ভ্রমি।।
- ৩। অনাদির আদি, তুমি গুণনিধি,
বেদ বেদাঙ্গ বিধাতার বিধি।
তুমি গুণাকর, গুণের সাগর, স্বাবর জঙ্গম ভূমি।।
- ৪। লক্ষ্মী দাসী যাঁর, ভাগুরী কুবের,
অনন্ত অস্ত নাহি পেল যার।
বিপদ ভঞ্জন শ্রীমধুসূদন, জগৎ রঞ্জন জগৎ স্বামী।।
- ৫। প্রেম সম্বন্ধে বলে মহানন্দে,
ব্রহ্মা, শিব যারে করজোড়ে বন্দে।
তুল্য নাহি যার মহিমা আপার, অশ্বিনী কীটস্য কীটকুমি।।

১০৩ নং তাল-কারফা

তাঁর রূপের কথা, গুণের কথা, বলা ভুল।

তাঁর কি গুণ কব, কি বর্ণিব, অনাদি যাঁর পায় না মূল।।

- ১। তাঁর-রূপের কথা বলব কোথা, চাঁদ সূর্য নয় সমতুল।
ও তাঁর অবর্ণিত রূপ রাশি, রূপ সাগরের নাহি কুল।।
- ২। তাঁর গুণের কাছে, কি গুণ আছে, সেই গুণেতে দিব তুল।
সেত গুণাতীত গুণমণি, যার গুণে জগৎ আকুল।।